



জাতীয় বিশ্ববিদ্যালয়

NOTICE_MASTER'S_PRELIMINARY_2018_2019

স্মারক নং- ১৬(৬৯৩)জাতী:বি:/রেজি:/একা:/প্রিলিমিনারী টু মাস্টার্স/২০১৯-২০২০/৪৮১০

তারিখ: ২৭/০৪/২০২২

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন, কোটার মেধা তালিকা প্রকাশ ও কলেজ কর্তৃক চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন ও কোটার মেধা তালিকা ১০ মে ২০২২ তারিখ বিকাল ৪টায় প্রকাশ করা হবে। উক্ত ফলাফল SMS (nu<space>atmp<space>roll no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে একইদিন বিকাল ৪টা থেকে এবং ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) রাত ৯টা থেকে পাওয়া যাবে। উল্লেখ্য যে, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু কোন শিক্ষার্থী অন্য কোন শিক্ষা কার্যক্রমে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত থাকলে তাকে অবশ্যই ১৭ মে ২০২২ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে অন্যথায় দৈত ভর্তির কারণে ঐ শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। এ ভর্তি কার্যক্রমের বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটে প্রদর্শিত ভর্তি নির্দেশিকা থেকে জানা যাবে।

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে কোটার ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্রমিক	বিবরণ	তারিখ
ক)	বিষয় পরিবর্তন: মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্য থেকে যাদের বিষয় পরিবর্তন হবে তাদের পরিবর্তিত বিষয়ের ভর্তি ফরম এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ: উল্লেখ্য যে, কোন শিক্ষার্থীর বিষয় পরিবর্তন হলে তার পূর্বের বিষয়ের ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তিত বিষয়ে তার ভর্তি নিশ্চিত হবে। তবে কোন শিক্ষার্থীর বিষয় পরিবর্তন না হলে তার পূর্বের বিষয়ের ভর্তি বহাল থাকবে। ১) বিষয় পরিবর্তনের ফরম সংশ্লিষ্ট কলেজ কর্তৃক অনলাইনে নিশ্চয়ন করতে হবে না। ২) বিষয় পরিবর্তনের ক্ষেত্রে শিক্ষার্থীকে কোন ফি প্রদান করতে হবে না।	১০/০৫/২০২২ থেকে ১৮/০৫/২০২২
খ)	কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট কপি সংগ্রহের তারিখ: শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Applicant Login অপশন থেকে Masters Preli. (Regular) Login লিংকে ক্লিক করে ভর্তি ফরম পূরণ করে এর প্রিন্ট কপি সংগ্রহ করতে হবে।	১০/০৫/২০২২ থেকে ১৮/০৫/২০২২
গ)	কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি [শিক্ষার্থী প্রতি ৮৩৫/- (আটশত পঁয়ত্রিশ) টাকা হারে] সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জমা দেয়ার তারিখ:	১১/০৫/২০২২ থেকে ১৯/০৫/২০২২
ঘ)	কলেজ কর্তৃক কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের তারিখ: এ লক্ষ্যে কলেজ কর্তৃপক্ষকে কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত সকল তথ্য, ছবি ও প্রয়োজ্য কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র যাচাই করে চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে হবে। কোন শিক্ষার্থীর ভর্তি ফরমে প্রদর্শিত তথ্য, ছবি অথবা কোটার সনদপত্রে অসংগতি অথবা গড়মিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে ঐ শিক্ষার্থীর ভর্তি নিশ্চয়ন না করে বিষয়টি লিখিতভাবে ডিন দপ্তর (স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র) বরাবর জানাতে হবে।	১১/০৫/২০২২ থেকে ২১/০৫/২০২২
ঙ)	কলেজ কর্তৃক কোটার মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ [শিক্ষার্থী প্রতি ৮৩৫/- (আটশত পঁয়ত্রিশ) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ: এ লক্ষ্যে কলেজ কর্তৃপক্ষকে college Login এর মাধ্যমে Admission Payment Info (Preli.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে। Pay Slip এ সংশ্লিষ্ট “রেজিস্ট্রেশন ফি” খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- 021810000134 উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ যে কোন সোনালী ব্যাংক শাখায় ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।	২২/০৫/২০২২ থেকে ২৬/০৫/২০২২

বিদ্র: সংশ্লিষ্ট সকলকে কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি মেনে এ ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

২৭.০৪.২০২২

(প্রফেসর ড. মো: আনোয়ার হোসেন)

ডিন

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

ই-মেইল: pgdeanoffice@gmail.com

ফোন : ০২৯৯৬৬৯১৫৭৪

তারিখ: ২৭/০৪/২০২২

স্মারক নং- ১৬(৬৯৩)জাতী:বি:/রেজি:/একা:/প্রিলিমিনারী টু মাস্টার্স/২০১৯-২০২০/৪৮১০

অনুলিপি:

- ১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ২। পরিচালক, অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। পরিচালক, জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সচিব, ভাইস-চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৮। অফিস কপি

২৭.০৪.২০২২

উপ-রেজিস্ট্রার (মাস্টার্স)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪